

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 22-12-2024**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

- ১) রাজ্যে জঙ্গি অনুপ্রবেশের আশঙ্কার মধ্যেই দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং থেকে তেহরিক-উল-মুজাহিদিনের এক জঙ্গিকে গ্রেফতার করেছে পুলিশ।
- ২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল রোজগার মেলায় ৭১ হাজারেরও বেশি প্রাপকের হাতে চাকরির নিয়োগপত্র তুলে দেবেন।
- ৩) বিমান যাত্রী ও কর্মীদের জন্য কলকাতার নেতাজী সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমান বন্দরে চালু হয়েছে দেশের প্রথম উড়ান যাত্রী কাফে।
- ৪) শান্তিনিকেতনে আজ সূচনা হচ্ছে পৌষ উৎসবের। আগামীকাল ব্রহ্ম উপাসনার মধ্য দিয়ে শুরু হবে পৌষ মেলা।
- ৫) মা-সারদার ১৭২-তম জন্মতিথি উপলক্ষে বিভিন্ন মঠ ও মিশনে চলছে উপাসনা।
- ৬) রাজ্যে এখনই জাঁকিয়ে শীত পড়ার সম্ভাবনা নেই বলে জানিয়েছে আবহাওয়া দফতর।

০০০০০০০০০০০০০০০০০০

ভারত থেকে জঙ্গি সংগঠন আনসার-উল্লা-বাংলার ৮ জঙ্গি গ্রেফতার হওয়ার ঠিক পরেই দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং থেকে তেহরিক-উল-মুজাহিদিনের এক জঙ্গিকে গ্রেফতার করেছে পুলিশ। জাভেদ মুন্সি নামে ওই জঙ্গি কাশ্মীরের চানপুরার বাসিন্দা। বিস্ফোরক বিশেষজ্ঞ ও অস্ত্র পাচারকারী জাভেদ একাধিক হিংসাত্মক কর্মকাণ্ডে জড়িত বলে অভিযোগ। বেশ কয়েকবার কারাবাসও করেছে ওই জঙ্গি। নির্দিষ্ট খবরের ভিত্তিতে রাজ্য পুলিশের এস টি এফ-এর সহায়তায় জম্মু-কাশ্মীর পুলিশ এই অভিযান চালায়। ক্যানিং-এ এক আত্মীয়ের বাড়িতে লুকিয়ে ছিল সে। কয়েকদিন আগেই জাভেদ মুন্সি এ রাজ্যে আসে। তার বাংলাদেশ পালিয়ে যাওয়ার পরিকল্পনা ছিল বলে তদন্তকারীদের দাবি।

জাভেদ মুন্সিকে গ্রেফতার করে আজ আলিপুর আদালতে তুলে ট্রানজিট রিমান্ডের জন্য আবেদন জানানো হয়। বাংলাদেশের পরিবর্তিত পরিস্থিতিতে বিভিন্ন জঙ্গি সংগঠনগুলি বিচ্ছিন্নতাবাদীদের সঙ্গে যোগাযোগ বাড়ানোর চেষ্টা করছে বলে পুলিশ সূত্রের খবর। ধৃত জাভেদ মুন্সি ক্যানিং-এ কেন আশ্রয় নিয়েছিল, তা খতিয়ে দেখছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

জঙ্গি অনুপ্রবেশের দায় কেন্দ্রের স্বরাষ্ট্র মন্ত্রককে নিতে হবে বলে রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন। কলকাতায় আজ এক অনুষ্ঠানের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, বিষয়টি নিয়ে রাজনীতি করা হচ্ছে।

বাইট

রাজ্য সরকার, সীমান্ত রক্ষায় কেন্দ্রের সঙ্গে সহযোগিতা করছে না বলে রাজ্য বিজেপি সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন। আজ বিমানবন্দরে সাংবাদিকদের কাছে সুকান্তবাবু বলেন, স্বরাষ্ট্র মন্ত্রক সীমান্তে বিএসএফ আউটপোস্টের জন্য পশ্চিমবঙ্গ সরকারের কাছে জমি চাইলেও তা এখনো মেলেনি।

বাইট

দেশের আভ্যন্তরীণ নিরাপত্তার থেকেও তৃণমূল কংগ্রেসের কাছে ভোট বেশি গুরুত্বপূর্ণ হওয়ায় শাসক দল অনুপ্রবেশে মদত দিচ্ছে বলে অভিযোগ করেন তিনি। রাজ্যে জাল পাসপোর্টের রমরমার পেছনে পুলিশি ভেরিফিকেশনে গলদ রয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

রাজ্য সহযোগিতা না করলে বিএসএফ একা অনুপ্রবেশ ঠেকাতে পারবে না বলে কংগ্রেসের বরিষ্ঠ নেতা অধীর রঞ্জন চৌধুরী মত প্রকাশ করেছেন।

(বাইট – অধীর)

০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল সাড়ে ১০টায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৭১ হাজারেরও বেশি প্রাপকের হাতে চাকরির নিয়োগপত্র তুলে দেবেন। অনুষ্ঠানে তিনি বক্তব্যও রাখবেন। সারা দেশের ৪৫টি স্থানে এই রোজগার মেলা আয়োজিত হবে। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক ও বিভাগের চাকরির পরীক্ষার মাধ্যমে প্রার্থীরা নির্বাচিত হয়েছেন। রোজগার মেলা, কর্মসংস্থান সৃষ্টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতিশ্রুতি পূরণের লক্ষ্যে একটি পদক্ষেপ। কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রক, ডাক বিভাগ, উচ্চ শিক্ষা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক, আর্থিক পরিষেবা বিভাগ ও অন্যান্য দফতর এবং মন্ত্রকে এই সব প্রার্থীদের নিয়োগ হবে।

০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার নিউ আলিপুর এলাকার দুর্গাপুর ব্রীজ সংলগ্ন বস্তিতে গতকালের অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের হাতে প্রদেশ কংগ্রেসের তরফে আজ ত্রাণ সামগ্রী তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন দলের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায় সহ অন্যান্য নেতাকর্মীরা। গতকাল অগ্নিকাণ্ডের পরই ঘটনাস্থলে যান প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

০০০০০০০০০০০০০০০০০০০০

হামরো পার্টি ভেঙে দিয়ে অজয় এডওয়ার্ড এর নেতৃত্বে উত্তরবঙ্গের দার্জিলিঙে জিমখানা ক্লাবে আজ একটি নতুন রাজনৈতিক দল তৈরি হয়েছে। ইন্ডিয়ান গোখা জনশক্তি ফ্রন্ট নামে নতুন এই দলটিতে অজয় ছাড়াও পার্বত্য তৃণমূলের এন বি খাওয়াস, জিটিএর প্রাক্তন চেয়ারম্যান প্রদীপ প্রধান, জিটিএ-র প্রাক্তন সদস্য প্রকাশ গুরুং ও যোগেন্দ্র রাই, জিএনএলএফ এর প্রাক্তন সাধারণ সম্পাদক মহেন্দ্র ছেত্রী র মতো বেশ কিছু নেতা যোগ দিয়েছেন। উল্লেখ্য জিএনএলএফ ভেঙে ২০২১ সালের ২৫ শে নভেম্বর মিরিকে পথ চলা শুরু করেছিল অজয় এডওয়ার্ডের হামরো পার্টি। দুই হাজার বাইশে দার্জিলিং পুরসভা দখল করে তারা। যদিও পরে দল ভাঙিয়ে পুর বোর্ড দখল করে বিজিপিএম।

০০০০০০০০০০০০০০০০০০০০

বর্তমান সময়ে উদ্ভূত বিভিন্ন সমস্যার সমাধানে, পড়ুয়াদের অংশগ্রহণ বাড়াতে স্মার্ট ইন্ডিয়া হ্যাকথন ও বিকশিত ভারত শীর্ষক বিশেষ আলোচনা শুনবেন আগামীকাল। অংশ নিয়েছেন, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি আইআইটি খড়গপুর এর অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ডক্টর কৌশল কুমার ভগৎ ও ওই প্রতিষ্ঠানের পড়ুয়া উত্কল মিত্র। সঞ্চালনায় কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ কলকাতা প্রযোজিত এই অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, ১০৭ প্রচার তরঙ্গ এবং ডি টি এইচ বাংলায় ও আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০

অসামরিক বিমান পরিবহন মন্ত্রক বিমান যাত্রী ও বিমান কর্মীদের জন্য উড়ান যাত্রী কাফে চালু করার ঘোষণা করেছে। এখানে প্রয়োজনীয় খাবার ও জল পাওয়া যাবে। প্রথমে কলকাতার নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দরে চালু করা হয়েছে। উদ্যোগটি সফল হলে দেশের অন্যান্য বিমানবন্দরে এ ধরনের কাফে বিমানবন্দর কর্তৃপক্ষ চালু করবে।

০০০০০০০০০০০০০০০০০০

আমাদের সংবাদ শোনা যাবে ইউটিউব চ্যানেল আকাশবাণী সংবাদ বাংলা, ফেসবুক ও ইন্সটাগ্রাম আকাশবাণী সংবাদ কলকাতা এবং এক্স হ্যান্ডেল এ আই আর নিউজ কলকাতাতে।

০০০০০০০০০০০০০০০০০০

শান্তিনিকেতনে পৌষ মেলার প্রস্তুতি সম্পন্ন। আজ রাতে বৈতালিকের মধ্য দিয়ে শুরু হচ্ছে পৌষ উৎসবের। আগামীকাল সকাল ৭-টায় ছাতিমতলায় ব্রহ্ম উপাসনার মধ্য দিয়ে পৌষ মেলার সূচনা হবে।

৬ দিনের এই মেলা চলবে ২৮-শে ডিসেম্বর পর্যন্ত। থাকছে নানা সাংস্কৃতিক অনুষ্ঠান। এখনও পর্যন্ত ১ হাজারের বেশি স্টল বুকিং হয়েছে বলে জানা গেছে। আজ পৌষ মেলার প্রস্তুতি সম্পর্কে এক সাংবাদিক বৈঠকে বিশ্ব ভারতীর ভার প্রাপ্ত উপাচার্য বিনয় সোরেন বলেন, পরিবেশ বিধি মেনেই আয়োজন করা হচ্ছে মেলার।

( বাইট – বিনয় সোরেন)

০০০০০০০০০০০০০০০০০০০

বাঁকুড়ার জয়রামবাটির মাতৃমন্দিরে মহাসমারোহে পালিত হচ্ছে মা সারদা দেবীর ১৭২ তম জন্মতিথি। উৎসব উপলক্ষে জয়রামবাটি মাতৃমন্দিরে সকাল থেকেই ভিড় করেছেন অসংখ্য পুন্যার্থী। ভোরে বিশেষ পূজোর মাধ্যমে শুরু হয় এই উৎসব। এরপর চলে বিশেষ শোভাযাত্রা ও প্রভাতফেরি। হুগলির পুণ্যভূমি কামারপুকুর রামকৃষ্ণ মঠেও সকাল থেকেই বিশেষ পূজো হচ্ছে।

শ্রী শ্রী মা সারদার জন্মতিথি উদযাপন উপলক্ষে আজ সকাল থেকেই ভক্তদের ভিড় দেখা গেছে দক্ষিণেশ্বরে শ্রী সারদা মঠ, বাগবাজার মায়ের বাড়ি, বেলুড় মঠে। বিভিন্ন ধর্মীয়

সংগঠনও ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে মা সারদার জন্মতিথি উদযাপনের আয়োজন করেছে।

০০০০০০০০০০০০০০০০

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের জেরে বৃষ্টির পর তাপমাত্রা সামান্য নামলেও এখনই জাঁকিয়ে শীত পড়ার সম্ভাবনা নেই বলে আবহাওয়া দফতর জানিয়েছে। ফের ঘূর্ণাবর্ত ও ঝঞ্ঝার প্রভাবে রাজ্যের তাপমাত্রা বুধবারের পর কিছুটা বাড়তে পারে। আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৬ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ২ দশমিক তিন ডিগ্রী বেশী। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৪ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস। যা স্বাভাবিকের চেয়ে ১ ডিগ্রী কম। বৃষ্টির কোন সম্ভাবনা নেই।

০০০০০০০০০০০০০০০০

আবহাওয়ার উন্নতি হতেই বড়দিনের আগে শেষ রবিবারে কলকাতার সব দর্শনীয় স্থানে ভীড় উপচে পড়েছে। আলিপুর চিড়িয়াখানায় আজ মোট দর্শনার্থীর সংখ্যা ছিল ৬৮ হাজার। চিড়িয়াখানার অতিরিক্ত অধিকর্তা সৌমেন মন্ডল জানিয়েছেন, এর মধ্যে যাত্রীসাথী অনলাইন অ্যাপের মাধ্যমে ন হাজার মানুষ সেখানে বেড়াতে এসেছেন।

০০০০০০০০০০০০০০০০

কেরালার জওহরলাল নেহরু স্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টিং, কেরালা ব্লাস্টার্সের মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা গোল শূন্য রয়েছে।

মহামেডান স্পোর্টিং ১১ ম্যাচে ৫ পয়েন্ট নিয়ে লিগ তালিকার সর্ব শেষ ত্রয়োদশ স্থানে আছে। একাদশ স্থানে থাকা কেরালার ১২ ম্যাচে পয়েন্ট ১৩।

০০০০০০০০০০০০০০০০

সুরাতে বিজয় মার্চেন্ট ট্রফি ক্রিকেটের প্রথম দিনে আজ বারোদার বিরুদ্ধে বাংলা প্রথম ইনিংসে ৮ উইকেটে ২৪৬ রান করেছে। অগস্ত্য শুল্লা ৫৬, রাজেশ মন্ডল ৪০ রান করেছে। বারোদার পূজন মেহতা তিনটি উইকেট নিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০

ইডেনে কোচবিহার ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালের আজ প্রথম দিনে বাংলার বিরুদ্ধে গুজরাত ৬ উইকেটে ৩২১ রান করেছে। রুদ্র প্রিতেশ প্যাটেল ১৬৪ রানে অপরাজিত আছেন। বেদান্ত ত্রিবেদী ৭৭ রান করেছেন। বাংলার শিবম ভারতী, বিশাল ভাতি ও যুধাজিৎ গুহ দুটি করে উইকেট নিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০